শৈলকুপায় আওয়ামীলীগের জনসভা জনসমুদ্রে রূপ নেয়

বৃহস্পতিবার বিকাল ৩টায় ঝিনাইদহের শৈলকুপা নতুনবাজার চত্বরে ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলা পরিষদের উপনির্বাচন উপলক্ষে উপজেলা আওয়ামী লীগ আয়োজিত এক নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়।এতে সকাল থেকে নিজ নিজ ব্যানার নিয়ে শ্লোগান সহকারে আসতে থাকে জনতা। দুপরের পরই জনসভা জনসমুদ্রে রূপ নেয়। জনসভায় অংশ নিতে আসা অনেকের হাতে ছিল নৌকা প্রতীক। দলীয় নেতাকর্মী ছাড়াও বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠানের পক্ষ থেকেও আসে মিছিল। উপচে পড়া জনতা বাজারে স্থান না পেয়ে পার্শ্ববর্তী রাস্থায় অবস্থান নেয়া ছাড়াও বক্তব্য শুনতে উঠে পড়েন বিভিন্ন ভবনের ছাদে।সকাল থেকেই এ জনসভা অভিমুখে ঢল নেমেছে জনতার।

শহর ছাড়াও বাইরের বিভিন্ন ইউনিয়ন ও গ্রামাঞ্চল থেকে আওয়ামী লীগের নেতাকর্মীসহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ যোগ দিয়েছে জনসভায়। জনসভাকে কেন্দ্র করে শৈলকুপা শহর পরিণত হয়েছে মিছিলের শহরে। এ যেন শৈলকুপা আওয়ামী লীগের নেতাকর্মীদের মিলনমেলা। দেখে মনে হয়েছে শৈলকুপার সব পথ এসে মিশেছে নতুন বাজারে।‘জয় বাংলা’, ‘নৌকা নৌকা’সহ বিভিন্ন শ্লোগানে রঙিন ব্যানার-ফেস্টুন আর বিভিন্ন আকারের নৌকা নিয়ে আওয়ামী লীগ ও এর অঙ্গসহযোগী সংগঠনের নেতাকর্মীরা মিলিত হন জনসভাস্থলে। বিভিন্ন শ্লোগানের মাধ্যমে তারা পুরো জনসভাস্থল মুখরিত করে তোলেন।

ঝিনাইদহ ১ শৈলকুপা আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি ছিলেন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও পৌর মেয়র সাইদুল করিম মিন্টু, , মকবুল হোসেন, সাংগঠনিক সম্পাদক এম হাকিম আহমেদ, দপ্তর সম্পাদক আসাদুজ্জামান আসাদ, এ্যাডভোকেট ইসমাইল হোসেন (পিপি), সাবেক উপজেলা চেয়ারম্যান অধ্যাপক আবেদ আলী, নায়েব আলী জোর্য়াদার, পৌর মেয়র কাজী আশরাফুল আজম প্রমুখ। সভাপতিত্ব করেন শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের আহবায়ক মতিয়ার রহমান।এতে জেলা ও উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। বক্তাগন আওয়ামী লীগ মনোনিত প্রার্থী শিকদার শেফালী বেগমকে আগামী ২৮ ফেব্রুয়ারি সকলকে নৌকা মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করার আহ্বান জানান।উল্লেখ্য গত ৪ নভেম্বর

শৈলকুপা উপজেলা পরিষদের চেয়ারম্যান শিকদার মোশারফ হোসেনের মৃত্যুর পর আসনটি শুন্য হয়।

মেহেরপুরে ১০৪টি ইটভাটায় কর বাঁকি সাড়ে ৪ কোটি টাকা

মেহেরপুরের গাংনীতে অবৈধ ইটভাটায় অভিযান পরিচালনা করে কাষ্টম অফিসের একটি প্রতিনিধি দল।

বৃহস্পতিবার (২৫ ফেব্রুয়ারী) বেলা সাড়ে ১১টার দিকে উপজেলার বিভিন্ন এলাকায় ইটভাটায় অভিযান পরিচালনা করা হয়। অভিযান পরিচালনা করেন মেহেরপুর ও চুয়াডাঙ্গা কাস্টমস অফিসের দায়িত্বপ্রাপ্ত কমিশনার তপন চন্দ্র দেব।এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর কাস্টমস অফিসের প্রতিনিধি বেলাল হোসেনসহ গাংনী থানা-পুলিশের একটি টিম। গাংনী উপজেলার বিভিন্ন রাস্তায় ইট বহনকারী টলার আটকিয়ে কাগজপত্র যাচাই করেন অভিযান পরিচালনাকারী দল।

অভিযানে নের্তৃত্বদানকারী কমিশনার তপন চন্দ্র দেব জানান, মেহেরপুর জেলায় ভ্যাট ফাঁকি দিয়ে ১০৪টি ইটভাটায় অবৈধ উপায়ে ইট পোড়ানো হচ্ছে। জেলায় বিভিন্ন ইটভাটার সাড়ে ৪ কোটি টাকা কর বাঁকি রয়েছে। গত কয়েক দিন অভিযান চালিয়ে বিভিন্ন ইটভাটায় ৫ লাখ টাকার কর আদায় করা হয়েছে। ভাটায় কর পরিশোধে এ অভিযান অব্যাহত থাকবে।

চুয়াডাঙ্গায় ধানবীজের মূল্য

বৃদ্ধির দাবিতে বিএডিসি চাষীদের মানববন্ধন

বিএডিসি কর্তৃক আমন ধানবীজ সংগ্রহ মূল্য নূন্যতম ৪৫ টাকা নির্ধারণের দাবিতে চুয়াডাঙ্গায় বিক্ষোভ সমাবেশ ও মানববন্ধন করেছেন বিএডিসির চুক্তিবদ্ধ চাষীরা। বৃহস্পতিবার বেলা ১২টায় চুয়াডাঙ্গা দৌলতদিয়াড়ের বিএডিসি খাদ্য গুদামের সামনে বিক্ষোভ সমাবেশ করেন তারা। পরে একই দাবিতে মানববন্ধনে অংশ নেন ৩ শতাধিক কৃষক।

মানববন্ধনে বক্তব্য রাখেন বিএডিসি চুক্তিবদ্ধ চাষী ফোরামের ভারপ্রাপ্ত সভাপতি মো. সালাউদ্দিন, সাধারণ সম্পাদক জিল্লুর রশীদ, চাষী মো. রোকনুজ্জামান, আবুল কালামসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

বক্তারা বলেন, বর্তমান বাজার দরের তুলনায় বিএডিসি নির্ধারিত আমন বীজের সংগ্রহ মূল্য নিতান্তই কম। এতে চাষীরা ব্যাপক ক্ষতির সম্মুখিন হচ্ছে। তাছাড়াও বিএডিসি’র কেন্দ্রে বীজ দেয়ার ৪-৬ মাস পর মূল্য পরিশোধ করা হয়। অবিলম্বে দাবি মেনে না নিলে কঠোর কর্মসূচি দেয়ারও হুঁশিয়ারী দেন বক্তারা। পরে বিএডিসি চেয়ারম্যান বরাবর স্মারকলিপি দেন আন্দোলনরত কৃষকরা।

চুয়াডাঙ্গায় আলাদা দূর্ঘটনায় দু’জন নিহত

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর এবং খেজুরতলা গ্রামের আলাদা দুটি দূর্ঘটনায় এক শিশুসহ দুইজন নিহত হয়েছেন। বৃহস্পতিবার দুপুরে এসব দূর্ঘটনা ঘটে। নিহতরা হলেন, প্রাণ কোম্পানীর বিক্রয় প্রতিনিধি দামুড়হুদার দর্শনা আজমপুর এলাকার আব্দুর রশিদের ছেলে ফরিদ হোসেন
(৪২) এবং খেজুরতলা গ্রামের প্রবাসী ফারুক হোসেনের শিশুপুত্র শিলন আলী (৬)।

চুয়াডাঙ্গার বেগমপুর পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই আসলাম পারভেজ জানান, দর্শনা ইসলাম বাজারের জেএম এন্টারপ্রাইজের পণ্যবাহী একটি আলমসাধু (ভটভটি) বেগমপুর ফাঁড়ির সামনে উল্টে যায়। এতে থাকা প্রাণ কোম্পানীর বিক্রয় প্রতিনিধি ফরিদ হোসেন ঘটনাস্থলেই মারা যান। অপরদিকে, স্থানীয়া জানায়, খেজুরতলা গ্রামে রান্না ঘরের দেয়াল ধ্বসে শিশু শিলন আলী নিহত হন।

মুজিবনগরে ফেন্সিডিলসহ দু-জন আটক

মেহেরপুরের মুজিবনগরে জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশের অভিযানে ২৫ বোতল ফেন্সিডিলসহ দুইজনকে আটক করা হয়েছে । বৃহস্পতিবার সকাল সাড়ে ৭ টার দিকে এসআই হাবিবুর রহমানের নেতৃত্বে মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রাম তাদের আটক করা হয় ।

আটককৃতরা হলো, মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের তারশেদ আলীর ছেলে সেলিম রেজা (৩৪) ও জিয়ার আলীর ছেলে আশরাফুল ইসলাম (৩৫)। এ সময় তাদের কাছ থেকে ২৫ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশের ওসি জুলফিকার আলী জানান, মেহেরপুরের মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামে ফেনসিডিল বিক্রি হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে ডিবি পুলিশের এসআই হাবিবুর রহমানের নেতৃত্বে একটি দল সেখানে অভিযান পরিচালনা করেন।

অভিযানে সেলিম রেজা ও আশরাফুল ইসলাম নামের করা হয়। তাদের কাছ থেকে ২৫ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। আটককৃত দু’জনের বিরুদ্ধে মুজিবনগর থানায় নিয়মিত মামলা রুজু হয়েছে।

মেহেরপুরে বিএডিসি’র চুক্তিবদ্ধ চাষি ফোরামের মানববন্ধন

বিএডিসি কর্তৃক আমন ধান বীজের সংগ্রহ মূল্য বর্তমান বাজার তুলনায় কম মূল্য নির্ধারণ করায়
মেহেরপুর বিএডিসি’র চুক্তিবদ্ধ চাষি ফোরামের উদ্যোগে মানববন্ধন, প্রতিবাদ সমাবেশ ও স্মারকলিপি প্রদান করা হয়েছে। বৃহস্পতিবার সকাল ১১টার দিকে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন মেহেরপুর জেলা বীজ ভবন প্রধান কার্যালয়ের সামনে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

বিএডিসি এর চুক্তিবদ্ধ চাষী ফোরাম এর সাধারণ সম্পাদক আব্দুর রশিদ বল্টুর সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে বক্তারা বলেন, আমরা মেহেরপুর জেলার বিভিন্ন গ্রামের প্রান্তিক পর্যায়ের বিএডিসির চুক্তিবদ্ধ চাষী। বিএডিসির নিয়ম নীতি অনুসরণ করে আমরা অতিরিক্ত সময় ও অর্থ ব্যয় করে বিভিন্ন প্রকার ফসলের বীজ উৎপাদন করে যথাসময়ে বিএডিসি’র নিকট সরবরাহ করি। কিন্তু দুঃখের বিষয় করোনাকালীন সময়ে সরকার চাষিদের বিভিন্নভাবে প্রণোদনা দিলেও আমরা এর আওতা বহির্ভূত। উপরোক্ত বর্তমান বাজারের তুলনায় বিএডিসি কর্তৃক আমন বীজের সংগ্রহ মূল্য নিতান্তই কম হওয়ায় আমরা ব্যাপক ক্ষতির সম্মুখীন।

এছাড়াও বিএডিসি কেন্দ্রে বীজ দেওয়ার ৪-৬ মাস পরে মূল্য পরিশোধ করে। বীজের মূল্য বৃদ্ধি না করা হলে আমরা বিএডিসি এর বীজ উৎপাদন কার্যক্রম বন্ধ করে দেওয়া সহ বিএডিসি কর্তৃপক্ষে চাষীদের বীজ ফেরত দেওয়ার অনুরোধ জানান। মানববন্ধন পরবর্তীতে জেলা প্রশাসক, পুলিশ সুপার, বিএডিসি উপপরিচালক (বীপ্রকে), উপপরিচালক (কঃগ্রোঃ) বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

মেপ্র/এমএফআর

গাংনীতে একাধিক মামলার আসামি শরিফুল গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে তিনটি মামলায় পরোয়ানাভুক্ত আসামি শরিফুল ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার রাত ৯টার দিকে উপজেলার করমদি গ্রামের পাগলা ব্রিজের নিকট থেকে তাকে গ্রেফতার করে গাংনী থানা পুলিশের একটি টি গ্রেফতারকৃত শরিফুল ইসলাম করমদি গ্রামের আনারুল ইসলামের ছেলে।

গাংনী থানা অফিসার ইনচার্জ বজলুর রহমান জানান, উপজেলার করমদি গ্রামের আনারুল ইসলামের ছেলে শরিফুল ইসলামের নামে জিআর নং- ১৭০/১৯, জিআর নং-৪৭/২০, জিআর নং-৩৭/১৯ নম্বরসহ মোট তিনটি মামলা রয়েছে। শরিফুল ইসলামকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

ছাত্রীর অটোরিকশার চাকায় ওড়নার পেঁচিয়ে মৃত্যু

নেত্রকোনার আটপাড়া উপজেলায় ব্যাটারিচালিত চলন্ত অটোরিকশার চাকায় ওড়না পেঁচিয়ে এক স্কুলছাত্রীর মৃত্যু হয়েছে।

বুধবার রাত ৮টার দিকে আটপাড়া উপজেলার স্বল্প সুনুই এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত ছাত্রীর নাম ঝর্ণা আক্তার (১০)। সে বারহাট্টা উপজেলার ডেমুড়া গ্রামের নুরুজ্জামান মিয়ার কন্যা। ঝর্ণা পঞ্চম শ্রেণির শিক্ষার্থী ছিল।

স্থানীয়রা জানান, ঝর্ণা আক্তার তার দাদির সঙ্গে নেত্রকোনা থেকে বাড়ি ফিরছিলেন। পথে অসতর্কতাবশত তার গলায় থাকা ওড়না চলন্ত ইজিবাইকের চাকায় প্যাঁচ লাগে। এতে সে গুরুতর আহত হলে দ্রুত তাকে আটপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়।

সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আটপাড়া থানার ওসি জাফর ইকবাল জানান, আবেদনের পরিপ্রেক্ষিতে ময়নাতদন্ত ছাড়াই ওই শিশুর মরদেহ দাফনের ব্যবস্থা করা হয়েছে। এ ব্যাপারে একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. সাইদুর রহমান আর নেই

করোনায় প্রাণ গেল কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সভাপতি ও ছাত্র উপদেষ্টা ড.সাইদুর রহমানের (৫৭)।
আজ বৃহস্পতিবার ভোর সাড়ে ৬টার সময় রাজধানীর ইবনে সিনা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।
ড. সাইদুর রহমান মেহেরপুর শহরের শাহজীপাড়ার মৃত হেমায়েত উদ্দিন হিমুর ছোট ছেলে। ড. সাইদুর রহমান মেহেরপুর সরকারি উচচ বিদ্যালয়ের শিক্ষক ছিলেন। পরবর্তিতে কুষ্টিয়া সরকারি কলেজে অধ্যাপনা করেছেন। সর্বশেষ তিনি ইসলামী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছিলেন।
মৃত্যুকালে তিনি স্ত্রী ও একমাত্র কন্যা সন্তান রেখে গেছেন।
ড. সাইদুর রহমানের লাশ ঢাকা থেকে প্রথমে শ্শুরবাড়ি ঝিনাইদহের শৈলকুপা, পরে ইসলামী বিশ্ববিদ্যালয়, তারপরে কুষ্টিয়াতে নেওয়া হবে। সবশেষে তাঁর জন্মভিটা মেহেরপুরের শাহজীপাড়ায় নেওয়া হবে। সেখানে সবশেষ জানাযা শেষে পৌর কবরস্থানে দাফন করা হবে বলে জানা গেছে।

ঝিনাইদহে অটো রাইস মিল অনার্স এসোসিয়েশনের মতবিনিময় সভা

ঝিনাইদহে অটো রাইস মিল অনার্স এসোসিয়েশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সকালে শহরের জোহান ড্রীম ভ্যালী পার্র্ক মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।
অটো রাইস মিল অনার্স এসোসিয়েশন ঝিনাইদহ জেলা শাখার সভাপতি মোয়াজ্জেম হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি এ.কে.এম খোরশেদ আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক মফিজ মিয়া এবং যুগ্ম-সাধারণ সম্পাদক ওমর ফারুক। বক্তারা, সরকারের কাছে তাদের দাবি আদায়ে সংগঠনের নেতা কর্মীদের আরও সংগঠিত হওয়ার আহ্বান জানান। সেই সাথে নিরাপদ চাল উৎপাদন ও ভেজাল রোধে মিল মালিকদের স্বচ্ছতার সাথে ব্যবসায় করার পরামর্শ প্রদাণ করেন। মতবিনিময় সভায় ঝিনাইদহসহ দেশের ২০ টি জেলার চালকল মালিকরা অংশ নেয়।